



ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

‘রূপকল্প ২০৪১’ (ভিশন ২০৪১) বাস্তবায়নে বিশেষ করে কৃষি উৎপাদন বৃদ্ধি, দ্রব্য মূল্যের স্থিতিশীলতা আনয়ন, প্রশিক্ষণ ও আর্থিক সেবা প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, অনগ্রসর ও পশ্চাদপদ জনগণের জীবন মান উন্নয়ন, নারীসহ মানব সম্পদের উন্নয়ন ও অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতির প্রবর্তনে সমবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তাই উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়, শ্রীপুর, মাগুরা এর নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করা অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাত করণে সহায়তা করা হবে। এছাড়া সমবায় সমিতির সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যসন্ম সমবায় সমিতি গুলোর অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিস্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায় সমিতিগুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য সেজন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতি সমূহকে পুনঃ কার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদন মুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাসস্তবায়ন করা হবে।

শামীমা জামান
উপজেলা সমবায় অফিসার
শ্রীপুর, মাগুরা।